02 JUN 1990

তারিখ ... 02 JUN 1990
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩ ...

দৈনিক সংবাদ

07

৪

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষা

# ২৪টি কলেজের কেউ পাস করেনি ২টি কলেজের সবাই বহিষ্কৃত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৩১শে মে।–চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের '৮৯ সালের ডিগ্রী বি,কম এ বি,এ পাস পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। পাস করতে পারেনি বি,এ তে ২০টি কলেজ ও বি,কমে ৪টি কলেজের কোন পরীক্ষার্থী। এর বাইরে দু'টি কলেজের সকল পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নম্বরের অভাবে স্থগিত করা হয়েছে সন্দীপ সরকারী কলেজের ১০৭ জন পরীক্ষার্থীর ফলাফল।

গত ২৬ ও ২৭শে মে এই দুটি বিভাগের ফলাফল ঘোষিত হয়।

বি,কম পরীক্ষায় প্রথম বিভাগ পায়নি কেউ। আর বি,এতে পেয়েছে মাত্র ৩ জন এবং এরা চট্টগ্রাম সরকারী কলেজের পরীক্ষার্থী। মোট ৮৯টি কলেজের পরীক্ষার্থী অংশ নেয় পরীক্ষায়। গত বছরের নভেম্বর ও ডিসেম্বরে অনুষ্ঠিত এই পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও পরিদর্শকের ওপর হামলার অভিযোগে কক্সবাজার কলেজ ও চকরিয়া কলেজের বি,কম ও বি,এ উভয় গ্রুপের সকল পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

বি,এ পাস পরীক্ষায় পাসের হার নিয়মিত ২৭ দশমিক ৪ শতাংশ, বহিরাগত ৩২ দশমিক ৩ শতাংশ ও সম্পূরক ৫৫ দশমিক ৯ শতাংশ। ১৭২৬০ জন নিয়মিত পরীক্ষার্থীর মধ্যে ৩ জন প্রথম বিভাগ, ৫৮৯ জন দ্বিতীয় ও ৪১৫০ জন তৃতীয় বিভাগ; বহিরাগত ৪১০০ জনের মধ্যে ২৫৪ জন দ্বিতীয় ও ১০৭৩ জন তৃতীয় এবং সম্পূরক পরীক্ষায় ১২৮৬ জনের মধ্যে ৮১৯ জন উত্তীর্ণ হয়েছে। সর্বোচ্চ সংখ্যক পরীক্ষার্থী পাস করেছে গাছবাড়িয়া কলেজে (৮১ দশমিক ২ শতাংশ) ও সর্বনিম্ন লক্ষ্মীপুরের কফিল উদ্দিন কলেজ থেকে (৩ দশমিক ৩ শতাংশ)।

বি,এতে যে ৪টি কলেজের কেউ পাস করতে পারেনি সেগুলো হচ্ছে লালমাই কলেজ, সেনবাগ কলেজ, ফলগাজী কলেজ ও চুনারু ঘাট কলেজ।

বি,কম পরীক্ষায় পাসের হার নিয়মিত ১৪ দশমিক ৬ শতাংশ, বহিরাগত ২০ দশমিক ৬ শতাংশ ও সম্পূরক ৬৬ দশমিক ২৫ শতাংশ। এই বিভাগে ২০টি, কলেজের কোন পরীক্ষার্থী পাস করতে পারেনি।

সর্বোচ্চ সংখ্যক পরীক্ষার্থী পাস করেছে চট্টগ্রাম কমার্স কলেজ (৫৫ দশমিক ৫ শতাংশ) ও সর্বনিম্ন সোনাইমুড়ি কলেজে (২ দশমিক ১ শতাংশ)। নিয়মিত ৮ হাজার ৭৯ জন পরীক্ষার্থীর মধ্যে ১০৫ জন দ্বিতীয় বিভাগে এ ১০৮০ জন তৃতীয় বিভাগে; বহিরাগত ৩০৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৬ জন দ্বিতীয় বিভাগে ও ৫৭ জন তৃতীয় বিভাগে এবং সম্পূরক ৬৪৯ জনের মধ্যে ৪৩০ জন উত্তীর্ণ হয়েছে।

পাস করতে পারেনি কোন পরীক্ষার্থী যে সব কলেজের তার মধ্যে রয়েছেঃ কমলগঞ্জ কলেজ, শায়েস্তাগঞ্জ কলেজ, সিলেট সরকারী কলেজ, চুনারুঘাট কলেজ, ঢাকা দক্ষিণ কলেজ, ফেঞ্চুগঞ্জ কলেজ, ফরিদগঞ্জ কলেজ, গুণবতী কলেজ, আখাউড়া কলেজ, মতলব কলেজ, আদর্শ মহাবিদ্যালয়, আলাওল কলেজ, বারৈয়াহাট কলেজ, রামগড় কলেজ, ছাগল নাইয়া কলেজ, রায়পুর কলেজ, সেনবাগ কলেজ, খলিলুর রহমান কলেজ, কবিরহাট কলেজ ও ফুলগাজী কলেজ।